**২০তম সিটি কাউন্সিল ডিসট্রিক্ট**
**পিটার এ. কো (Peter A. Koo)** (D, C)

**এই নগরবাসীর এবং এই মহান নগরীর পক্ষ থেকে সম্মানীত হওয়ায় এবং একই সাথে আমার প্রতি সমর্থকের জানানোর জন্য আমি এই সভায় সকলকে কৃতজ্ঞতা ব্যাক্ত করছি। নিউইয়র্ক সিটি কাউন্সিলের আজকের এই মহান সভায় আপনাদের সেবা করার সুযোগ পাওয়ায় আমি নিজেকে আশীর্বাদপুষ্ঠ ভাবছি। আপনাদের সিটি কাউন্সিল প্রতিনিধি হিসেবে আমার প্রতি আপনাদের বিশ্বাস দেখিয়েছেন তা এক কথায় মর্যাদাকর এবং কিছুটা হলেও গৌরবের এবং গুরুত্ববহ। প্রথমবার দায়িত্ব পাবার পর আমি প্রকৃত বাস্তবানুক বিষয়গুলোর উন্নয়নকল্পে, প্রয়োজনীয় সেবাদান ফিরিয়ে আনতে এবং সুপ্রিয় নগরবাসীকে আর্থিক আনুকূল্যতা নিশ্চিত করতে ক্লান্তিহীনভাবে কাজ করে আসছি। অত্যন্ত গর্বের সাথে জানাচ্ছি যে, আমাদের সামাজিক সমস্যা সম্বলিত ৬৮০০টি অভিযোগ সমাধান আমরা দিতে পেরেছি এবং সিটির উন্নয়নকল্পে আমরা ১৫ মিলিয়ন ডলার প্রাপ্ত হয়েছি। প্রথমবার নির্বাচিত হয়ে আমি আমার নির্বাচিত সহযোগী বৃন্দ ও সমাজের গন্যমান্য নেতৃবৃন্দের সহায়তার অবৈধ কমিউটার বাস রাস্তা থেকে সরানোর ব্যবস্থা করেছি, ফ্লাশিং ডাউনটাউনে অতি প্রয়োজনীয় নিরাপত্তা ক্যামরার জন্য আমরা তহবিল গঠন করেছি, যাদের প্রয়োজন তাদের জন্য ফ্লু শটের ব্যবস্হা করেছি, প্রয়োজনমত বিভিন্ন অবস্থান থেকে বিভিন্ন সড়ক পরীক্ষা করার ব্যবস্হা করেছি এবং মটরচালক ও পথচারীদের জন্য রাস্তাকে নিরাপদ করার ব্যবস্হা নিয়েছি। বহু শিক্ষামূলক ওয়ার্কশপ ও সামাজিক প্রতিষ্ঠান গঠন, নতুন ধারার ট্রাফিক সিগনাল স্থাপন ইত্যাদি নিশ্চিত করেছি। পুন: নির্বাচিত হলে, আমি আমার ডিস্ট্রিক্টের কঠোর পরিশ্রমী লোকদের জন্য আমার প্রতিশ্রুতি অব্যাহত রাখবো। ডিষ্ট্রিকেটর মানুষগুলোর জীবন মান উন্নয়নে সাধ্যমত কাজ করে যাব, যার ফলে মূলধনী প্রজেক্ট প্রতিষ্ঠা লাভ করা সম্ভব হয় এবং অতি প্রয়োজনীয় সেটা নিশ্চিত করা যায়। নিউইর্ক সিটি কাউন্সিলে আপনাদের সেবা দেয়ার সুযোগ পেয়ে এবং নিউ ইয়র্ক সিটিতে আপনাদের আগ্রহ লক্ষ্য করে আমি গর্বিত এবং আমি আগামীতে আমার সহকর্মীদের সাথে মিলে নিউ ইয়র্ক সিটির জনগনের জন্য চমৎকার সব জিনিস করার চেষ্টায় আছি।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*

**২০তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**এভারগ্রীন সি. চাও (Evergreen C. Chou)** (G)

**হাই, আমার নাম Evergreen Chou। আমি ২০তম সিটি কাউন্সিলের নির্বাচনে গ্রীন পার্টির মনোনীত প্রার্থী হিসেবে জনগনের সেবাদানের ব্রত নিয়ে নির্বাচনে প্রার্থী হয়েছি!**

**একজন সনোগ্রাফার হিসেবে আমি লুথার মেডিকেল সেন্টারে এ কাজ করি। আমি সেখানে ২৩ বছর ধরে কাজ করেছি। আমি স্থানীয় SEIU/১১৯৯ এর গঠিত ইউনিয়ন মেম্বার। আমার সংগ্রাম শ্রমিকদের অধিকার সংরক্ষণ লাভ এবং শ্রমিকদের পারিশ্রমিক নিশ্চিত করা। আমি বয়েজ কাউট ট্রুপ #৮৮৮ এর স্কাউটমাস্টার।**

**২০ বছর যাবৎ আমি ফ্লাশিং-এ বসবাস করেছি। এখানে সামর্থ্যের মধ্যে কেনা যায় এমন বাড়িঘরের সংখ্যা খুব বেশী নয়। বেচেঁ থাকার মতে কর্মসংস্থান এখানে নেই। ফ্লাশিং এর বায়ু পরীক্ষা করে দেখার প্রয়োজন আছে যাতে ফ্লাশিং এর অল্পবয়সী লোকজনের হাপানী রোগের সাথে সম্পর্কিত কিনা তা নির্ধারণ করা যায়। আমরা এখানে ফ্লাশিং যে সংকটগুলির সাথে পরিচিত সেগুলোর নিরসনে গ্রীন পার্টির দশটি কী কর্মসূচী সহায়ক হতে পারে। সাধ্যের মধ্যে বাড়ি নির্মাণের জন্য উদ্দীপক টাকাগুলো ব্যবহার করুন। বাড়ি ভাড়া আমাদের আয়ের ১/৩ ভাগের মধ্যে হওয়া উচিত। নিম্ন আয়কে লোকদের জন্য ১/৩ ভাগ অফার বিশাল নির্মাণের একটি বিধান; ভবনের ১/৩ অংশ মাঝারি আয় এবং শেষ ১/৩ অংশ বাজার দরে যেতে পারে।**

**বেচে থাকার জন্য ফ্লাশিং-এ প্রয়োজন ঘন্টায় $১২ মজুরী। মেয়রের নিয়ন্ত্রাধীন ফ্রি পাবলিক স্কুলগুলো পদ্ধতি পরীক্ষা নেয়ার কেন্দ্রে পরিণত হয়েছে। শিক্ষার প্রতিফলন যখন এমন এক পর্যায়ে দাড়িছেয়ে যে সরকারী স্কুলগুলো যেগুলো আমরা বন্ধ করে দিয়েছি সেগুলোর মধ্যে কয়টা চার্টার স্কুলকে সংকোচিত করে বানানো যায়। কিভাবে টেস্ট দিতে হয় তা শিখানোর জন্য শিক্ষকগণ সার্বক্ষনিক চাপের মধ্যে থাকেন। আমাদের শিক্ষক, অভিভাবক ও অধ্যক্ষগণের কাছ থেকে মতামত নেয়া দরকার।**

**সাধ্যের মধ্যে কেনা যায় এমন আবাসন নির্মান করুন! যুব ও কর্মহীনদের জন্য জব ট্রেনিং এর ব্যবস্থা করুন! বর্ণবাদ বন্ধ করুন! আমাদের স্কুলগুলোকে টাকা দিয়ে বর্তমান সময়ের জন্য সাহায্য করুন! গ্রীনকে ভোট দিন!**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**২০তম সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট**
**সানি হান (Sunny Hahn)** (REF)

**অনেক ভাবেই আমাদের সিটি ও আমেরিকা একটি ক্রশ-রোডের মধ্যবর্তী স্থানে অবস্থান করছে। যখন আমাদের প্রয়োজন বা অভাব এক নাগাড়ে বাড়তে থাকে তখন আমাদের রাজাস্ব ভিন্নমুখি হতে থাকে। জনগন যখন কাজের সন্ধানে উম্মূখ ব্যক্তিমালিকানা প্রতিষ্ঠানগুলো ঐগুলো উৎপাদন বিমূখ, যখন আমরা আমাদের লাইফ স্টাইল ধরে রাখতে চাই তখন  প্রাকৃতিক ও নিরাপত্তাজনিত সমস্যা আমাদের জীবন প্রবাহকে করে ব্যাহত। দলে দলে মুখোমুখি সংঘর্ষ এবং বিভিন্ন বিষয়ে স্নায়ুবিক চাপ আরো শক্তিশালী হতে থাকে। আমাদের কি একটি দলকে ছাড় দিয়ে অন্য দলকে সহায়তা করা উচিৎ? জনগন ভোটাধিকার প্রয়োগে আরো বেশী বেশী সন্দিহান। এখন সময় এসেছে আমাদেরকে সেরা ও উজ্জলতম জিনিসটাকে আহবান করা যা আমাদের সিটির জন্য সহায়ক হবে। সেরা এই জন্য যে, চিন্তা ভাবনার ক্ষেত্রে আমাদের নেতৃবৃন্দকে আরো পরিশীলিত হতে হবে। উজ্জলতার কারণ আমাদের জীবন ও সিটি এতই জটিলতার মধ্যে রয়েছে যে জন্য আমাদের শ্বাস প্রশ্বাস  এবং গভীরতর সমস্যাগুলো বুঝার জন্য উচ্চতর বুদ্ধিবৃত্তিক মনের প্রয়োজন হবে এবং এগুলোর সমাধানের জন্য পথের সন্ধান করতে হবে।  আমাদের সিটির অত্যন্ত গুরুত্বপূর্ণ ডিস্ট্রিক্ট ফ্লাশিং, যাহা আমাদের অতীত ও ভবিষ্যতের প্রতিনিধিত্ব করে আসছে, এর সেবা করার জন্য আমি প্রস্তুত।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*